

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
অভ্যন্তরীণ প্রশিক্ষণ-২ শাখা
www.mopa.gov.bd

১৯ চৈত্র, ১৪২১

স্মারক নং- ০৫.২০১.০২৫.০০.০০.০০৬.২০১৩-১৪৫

তারিখঃ -----
০২ এপ্রিল, ২০১৫


বিষয় : বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রে (বিপিএটিসি), বিসিএস প্রশাসন একাডেমি এবং বিয়াম ফাউন্ডেশনে অনুষ্ঠিত বুনীয়াদি প্রশিক্ষণ কোর্সে কর্মকর্তা মনোনয়ন আহ্বান।

বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি), বিসিএস প্রশাসন একাডেমি এবং বিয়াম ফাউন্ডেশনে যথাক্রমে P৬০তম, A৬০তম এবং B৬০তম বুনীয়াদি প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হবে। উক্ত কোর্সসমূহে প্রশিক্ষণার্থী মনোনয়নের লক্ষ্যে তাঁর আওতাধীন বিসিএস ক্যাডার/সার্ভিসের যে সকল কর্মকর্তা অদ্যাবধি বুনীয়াদি প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করেননি, তাঁদের জ্যেষ্ঠতার ভিত্তিতে নামের তালিকা নিম্নোক্ত ছক অনুযায়ী আগামী ৩০-০৪-২০১৫ তারিখের মধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ে (দৃঃ আঃ- সিনিয়র সহকারী সচিব, অভ্যন্তরীণ প্রশিক্ষণ-২ শাখা, কক্ষ নং-১৭, ভবন নং-০১, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

ছক

ক্রঃ নং	পরিঃ নং (যদি থাকে)	নাম ও পদবি	বর্তমান কর্মস্থল	মোবাইল নম্বর	পাসপোর্ট নম্বর (যদি থাকে)	বর্তমান ঠিকানা	স্থায়ী ঠিকানা

- ২। বিবেচ্য প্রশিক্ষণকালে যদি কোন কর্মকর্তা অন্য কোন প্রশিক্ষণে প্রশিক্ষণরত থাকেন, তা উপর্যুক্ত ছকের মন্তব্য কলামে সুনির্দিষ্টভাবে উল্লেখ করার জন্য অনুরোধ করা হলো।
- ৩। উল্লেখ্য যে, উক্ত তালিকা পাওয়ার পর এ মন্ত্রণালয় থেকে চূড়ান্ত মনোনয়ন আদেশ জারি করা হবে।


(শাহে এলিদ মাইনুল আমিন)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৫৬৮৫২
Sasit2@mopa.gov.bd

প্রাপক

- ১। সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব.....মন্ত্রণালয়/বিভাগ।
- ২। বিভাগীয় কমিশনার, ঢাকা/রাজশাহী/চট্টগ্রাম/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর বিভাগ।
- ৩। জেলা প্রশাসক,.....(সকল)।

অনুলিপি(জ্যেষ্ঠতা অনুসারে নয়):

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ৩। মহা-পুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।
- ৪। রেজিষ্টার, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাভার, ঢাকা।
- ৫। মহাপরিচালক/চেয়ারম্যান/নিবন্ধক.....।
- ৬। অতিরিক্ত সচিব(সিপিটি), জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা।
- ৭। যুগ্ম-সচিব (প্রশিক্ষণ), জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা।
- ৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৯। সিনিয়র সিস্টেমস এনালিস্ট, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১০। অতিরিক্ত সচিব/যুগ্ম-সচিব (প্রশিক্ষণ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা।
- ১১। অফিস কপি।